MANASADWIP RAMAKRISHNA MISSION PRAKTANI SAMSAD
*Reg. No-IV-190102213/2025*
**P.O -** Manasadwip, **Dist.-** South 24 Parganas, **PIN-**743373, West Bengal
**Contact no:** 8016136380 **Email:** mrkmpraktani@gmail.com
**Website:** mrkmpraktanisamsad.com

## বিজ্ঞপ্তি

## *চতুর্থ পুনর্মিলন উৎসব ও স্মারক পত্রিকার জন্য লেখা আহ্বান*

সকল শ্রদ্ধেয় প্রাক্তনীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **মনসাদ্বীপ রামকৃষ্ণ মিশন প্রাক্তনী সংসদের** ব্যবস্থাপনায় বিদ্যালয়ের প্রাক্তনীগণের **চতুর্থ পুনর্মিলন উৎসব আগামী ১৩ই ডিসেম্বর, ২০২৬ (রবিবার) বিদ্যালয় প্রাঙ্গণে** অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে বিদ্যালয়ের সকল প্রাক্তনীকে সপরিবারে উপস্থিত থাকার জন্য আন্তরিক আমন্ত্রণ জানানো হচ্ছে।

বিগত পুনর্মিলন উৎসবগুলিতে অনুষ্ঠানের সময়সীমা সীমিত থাকায় সকল প্রাক্তনীর পক্ষে বিদ্যালয় জীবনের স্মৃতি ও অভিজ্ঞতা ভাগ করে নেওয়া সম্ভব হয়নি। এ বিষয়ে অনেক প্রাক্তনী তাঁদের মতামত না প্রকাশ করার আক্ষেপ ব্যক্ত করেছেন। সেই প্রেক্ষিতে প্রাক্তনী সংসদের সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এবার থেকে প্রতি পুনর্মিলন উৎসব উপলক্ষে একটি স্মারক পত্রিকা প্রকাশ করা হবে। এই পত্রিকার মাধ্যমে প্রাক্তনীগণ তাঁদের বিদ্যালয় জীবনের স্মৃতি, প্রধান শিক্ষক মহারাজগণ, আশ্রমের মহারাজবৃন্দ, বিদ্যালয়ের শিক্ষক মহাশয়দের নিয়ে স্মৃতিচারণ, জীবনসংগ্রাম ও সাফল্যের অভিজ্ঞতা এবং সাহিত্য ও সাংস্কৃতিক সৃষ্টিকর্ম প্রকাশের সুযোগ পাবেন।

### লেখা পাঠানোর বিষয়সমূহ:-

**১.** মনসাদ্বীপ রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের ছাত্রজীবনের অভিজ্ঞতা ও স্মৃতি।২. বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহারাজগণ, শিক্ষক মহাশয়গণ ও আশ্রমের মহারাজবৃন্দকে নিয়ে স্মৃতিচারণ।৩. বর্তমানে যে কর্মক্ষেত্র বা পেশায় প্রতিষ্ঠিত, সেখানে পৌঁছানোর পথ ও অভিজ্ঞতা (যা বর্তমান ছাত্রছাত্রী ও অন্যান্য প্রাক্তনীগণের জন্য ক্যারিয়ার-নির্দেশক হতে পারে)।৪. নিজস্ব সাহিত্য ও সাংস্কৃতিক সৃষ্টিকর্ম (কবিতা, প্রবন্ধ, ছোটগল্প, ভ্রমণকাহিনি, গান, স্মৃতিচিত্র ইত্যাদি)।

### বিজ্ঞাপন পাঠানোর আহ্বান

ইচ্ছুক প্রাক্তনীগণ ও শুভানুধ্যায়ীগণ শর্তসাপেক্ষে তাঁর নিজস্ব প্রতিষ্ঠান, ব্যবসা, কোম্পানি, কোচিং সেন্টার, গৃহ শিক্ষকতা বা অন্যান্য বৈধ উদ্যোগের বিজ্ঞাপন, এই স্মারক পত্রিকায় প্রকাশ করতে পারবেন। বিজ্ঞাপন সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য প্রাক্তনী সংসদের হোয়াটসঅ্যাপ নম্বরে যোগাযোগ করার অনুরোধ করা হচ্ছে।

### লেখা অথবা বিজ্ঞাপন পাঠানোর সময়সীমা

**১৫ই আগস্ট, ২০২৬ থেকে ১৫ই সেপ্টেম্বর, ২০২৬-এর মধ্যে লেখা পাঠাতে হবে।**

***লেখা পাঠানোর মাধ্যম:***

**প্রাক্তনী সংসদের নিজস্ব ই-মেল** -mrkmpraktani@gmail.com **,হোয়াটসঅ্যাপ-** ৮০১৬১৩৬৩৮০

**অথবা, ডাকযোগে প্রাক্তনী সংসদের নিম্নোক্ত ঠিকানায়-**
**মনসাদ্বীপ রামকৃষ্ণ মিশন প্রাক্তনী সংসদ**
**মনসাদ্বীপ, সাগর ,দক্ষিণ ২৪ পরগনা, পিন কোড ৭৪৩৩৭৩**

***বিশেষ দ্রষ্টব্য***

১. লেখার ও বিজ্ঞাপনের মধ্যে কোনো ব্যক্তি, সংগঠন, সম্প্রদায় বা জাতির প্রতি নেতিবাচক, বিদ্বেষমূলক বা অবমাননাকর মন্তব্য না থাকাই বাঞ্ছনীয়।
২. লেখার ও বিজ্ঞাপনের বিষয়বস্তু অবশ্যই রামকৃষ্ণ মিশনের আদর্শ, মূল্যবোধ ও ভাবধারার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
৩. **সকল সংগৃহীত লেখা ও বিজ্ঞাপন সমূহ প্রাক্তনী সংসদের পত্রিকা সম্পাদনা কমিটি প্রয়োজনবোধে পরিবর্তন, পরিমার্জন, সংশোধন ও সংক্ষিপ্তকরণ এমনকি প্রকাশ না করার অধিকার রাখে।**

সকল প্রাক্তনীর আন্তরিক অংশগ্রহণ , সহযোগিতা, মূল্যবান স্মৃতিচারণ ও সৃষ্টিশীল লেখায় সমৃদ্ধ হয়ে উঠুক আমাদের পুনর্মিলন উৎসব এবং উৎসবের দিনে প্রকাশিত স্মারক পত্রিকা।

**তারিখ:** 13/08/2026

**সম্পাদক**
**মনসাদ্বীপ রামকৃষ্ণ মিশন প্রাক্তনী সংসদ**